মুজিবনগর থেকে টুঙ্গিপাড়া বাস সার্ভিসের উদ্বোধন

জাতির পিতার জন্মদিনে মুজিবনগর থেকে টুঙ্গিপাড়া সরাসরি বিআরটিসি বাস সার্ভিস চালু করা হয়েছে। বুধবার সকাল ১০টায় মুজিবনগর কমপ্লেক্স থেকে আনুষ্ঠানিকভাবে এই বাস সার্ভিসের উদ্বোধন করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ অসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন ভার্চ্যুয়ালী বাস সার্ভিসের উদ্বোধন করেন।

বাসটি প্রতিদিন সকাল ৬টায় মুজিবনগর থেকে ছেড়ে যাবে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ার উদ্দেশ্যে। পরদিন সকাল ৬ টায় টুঙ্গিপাড়া থেকে মুজিবনগরের উদ্দেশ্যে ছেড়ে আসবে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভর্তুকি দিয়ে ১৭ মার্চ থেকে ২২ পর্যন্ত এবং ২৮ থেকে ৩১ মার্চ পর্যন্ত মাত্র ৪শ টাকায় আসা যাওয়া করা যাবে। পরবর্তিতে যাত্রীর চাহিদা অনুযায়ি ভাড়া নির্ধারণ করা হবে।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চ্যুয়ালী উপস্থিত ছিলেন বিআরটিসি চেয়ারম্যান তাজুল ইসলাম ও স্থানীয় আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

মেহেরপুরে জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী

মেহেরপুরে জাাতি পিতা বঙ্গবন্ধু শেখমুজিবর রহমানের জন্মবাষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী অনুষ্টান অনুষ্টিত হয়েছে।

বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কেক কাটার

মধ্যে দিয়ে জাাতি পিতা বঙ্গবন্ধু শেখমুজিবর রহমানের জন্মবাষিকী ও জাতীয় শিশু দিবস পালন করা হয়। মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে ভার্চুয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় বঙ্গবন্ধু বাংলার প্রকৃতি নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ী রওশি রওহান কে পুরস্কার তুলে দেন

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্তিত ছিলেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাড. পল্লব ভট্টাচার্য,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান আব্দুল খালেক, জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের জেলা আহবায়ক অধ্যাপক হাসানুজ্জামান মালেক , অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা আনসার কমান্ড্যান্ট রাকিবুল ইসলামসহ বিভিন্ন স্কুল থেকে আসা শিক্ষার্থীরা

জাতীয় শিশু দিবস পালনে মুজিবনগরে আওয়ামীলীগের শ্রদ্ধাঞ্জলী প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালনে পৃথকভাবে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা জানিয়েছে উপজেলা আওয়ামীলীগ।
বুধবার সকালে দিবসটি উপলক্ষে একদিকে, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগের ব্যানারে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মোনাখালী

ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান নান্নু,সাধারন সম্পাদক আব্দুর রশিদ বল্টু,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক কুতুবউদ্দীন মল্লিক উপস্থিত ছিলেন।

অপরদিকে,মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগের ব্যানারে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।
এ সময় জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,জেলা আওয়ামীলগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতা,দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন কমান্ডার,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম(অপা),বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম উপস্থিত ছিলেন।

মুজিবনগরে জাতীয় শিশু দিবস পালনে প্রশাসনের শ্রদ্ধাঞ্জলী প্রদান

মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানে জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন প্রশাসনসহ দলীয় নেতৃবৃন্দ।

বুধবার সকাল আটটার দিকে প্রথমে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করা হয়।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের নেতৃত্বে মুজিবনগর পুলিশ প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

পর্যায়ক্রমে মুক্তিযোদ্ধা সংসদ,রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংস্কৃতি

সংগঠন বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করা হয়।
শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতা বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

এবং সকাল সাড়ে এগারোটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ হলরুমে জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা, পুরষ্কার বিতরন ও সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে জন্মশতবার্ষিকী পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মদিন উপলক্ষে মেহেরপুরে জেলা প্রশাসনের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বিশেষভাবে তৈরি মঞ্চে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে সর্বপ্রথম পুষ্পমাল্য অর্পণ করা হয়। এরপরে জেলাবাসীর পক্ষে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ বিভাগের পক্ষে পুলিশ সুপার এস এম মুরাদ আলি পুষ্পমাল্য অর্পণ করেন।

এর পরপরই স্বাস্থ্য বিভাগের পক্ষে সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল,মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামী লীগের পক্ষে সাধারণ সম্পাদক আব্দুল খালেক, জেলা যুবলীগের পক্ষে জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন ও যুগ্ম-আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান,জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মিদুল,জেলা

যুব মহিলা লীগের পক্ষে সভানেত্রী সামিউন বাসিরা পলি,জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান মতি, মেহেরপুর জেলখানার পক্ষে ভারপ্রাপ্ত জেল সুপার ও সহকারি কমিশনার নিরুপমা রায়, মেহেরপুর জেলা আনসার ও ভিডিপি অফিসের পক্ষে জেলা কমান্ডার রাকিবুল ইসলাম

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সুপার ডা. রফিকুল ইসলাম,ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আজিম, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক জাহিদুল ইসলাম, টিটিসির অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার,জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী,পিপি পল্লব ভট্টাচার্য, জেলা জেলা ফুটবল এসোসিয়েশনের পক্ষে সাধারণ সম্পাদক আনোয়ারুল হক শাহী,জেলা খাদ্য কর্মকর্তা আবদুল হামিদ, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বিএম কলেজের অধ্যক্ষ আক্তারুজ্জামান

জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিন মেহেরপুর সরকারি কলেজ এর পক্ষে অধ্যক্ষ প্রফেসর শফিউল আলম সরদার, মুক্তিযোদ্ধাদের পক্ষে বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, সরকারি মহিলা কলেজ এর পক্ষে প্রফেসর রফিকুল ইসলাম,

সহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে মুজিবনগর-টুংগীপাড়া বিআরটিসি বাস এর উদ্বোধন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিবনগর-টুংগীপাড়া বিআরটিসি বাস এর উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে ঐতিহাসিক মুজিবনগর সৃতি কমপ্লেক্স সূর্যোদয়ের সামনে এ উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর ১ আসনের সংদস সদস্য ও জনপ্রসাশন মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন ভিডিও কনফারেন্সের মাধ্যেমে ভার্চূয়ালী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বাস সংযোগটির শুভ উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন,আমাদের জাতির পিতার আজ শত বর্ষ পূর্ন হলো। তিনি টুংগীপাড়ায় যে স্থানে শায়িত আছেন সেটি পবিত্র স্থান।
আর সেই পবিত্র স্থানটি দেখার জন্য মুজিবনগরের মানুষ টুংগীপাড়া যেতে চাইলেও বাস সংযোগের কারনে অনেকেই যেতে পারে না। আর যাতে করে মুজিবনগরের মানুষ একদিনে যাতায়াত করতে পারে সে লক্ষে মুজিবনগর-টুংগীপাড়া বিআরটিসি বাসের সংযোগ করা হলো। এটি মুজিবনগর বাসীর জন্য অনন্দের বিষয়।খুব সহজেই মুজিবনগর বাসী টুংগীপাড়ার ঐতিহাসিক স্থানটা ঘুরে আসতে পারবে।

উক্ত অনুষ্ঠানে জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে ভার্চুয়ালী উপস্থিত ছিলেন বিআরটিসি চেয়ারম্যান তাজুল ইসলাম,মঞ্চে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিআরটিসির পরিচালক(প্রশাসন ও অপারেশন) ড.মোহাম্মদ জিয়াউদ্দীন,ভার্চূয়ালী উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলী।

বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেছেন।

“যতকাল রবে পদ্মা যমুনা গৌরী মেঘনা বহমান, ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান”

“মুজিববর্ষের অঙ্গিকার, পুলিশ হবে জনতার”
“শুভ জন্মদিন” সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০১তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সারাদিন ব্যাপি নানা কর্মসূচির আয়োজন করেছে । ১৭ই মার্চের প্রথম প্রহরে রাত ১২:০১ ঘটিকার সময় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের সম্মানিত অভিভাবক সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলাম ।

এ সময় আরোও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগন।

আজ ১৭ মার্চ ২০২১। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। ১৯২০ সালের এইদিনে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে তিনি জন্মগ্রহন করেছিলেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মদিনে তাঁর আত্মার মাগফিরাত কামনা সহ গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছে। বাঙ্গালী জাতি চিরদিনই তাকে শ্রদ্ধার সাথে স্মরণে রাখবে।

জাতীয় শিশু দিবস ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মদিনে সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম ।

ঝিনাইদহ পৌরসভার নির্বাচন সম্পন্ন করতে ভার্চুয়াল আদালতের নির্দেশ

ঝিনাইদহ পৌরসভা নির্বাচন দ্রুত সম্পন্ন করতে নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট বিভাগের একটি দ্বৈত বেঞ্চ। মঙ্গলবার দুপুরে বিচারপতি নাইমা হায়দারের নেতৃত্বে গঠিত ভার্চুয়াল বেঞ্চ এই আদেশ দেন বলে রিটকারী পক্ষের আইনজীবী ব্যারিষ্টার ইমাম হোসেন জানান। তিনি বলেন পুর্ণাঙ্গ রায় পেলে আরো বিস্তারিত বলা যাবে। ৮জন বিবাদীর মধ্যে অন্যতম ঝিনাইদহ পৌর আওয়ামীলীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাস জানান, ঝিনাইদহ পৌরসভায় নির্বাচন হতে আর কোন বাধা নেই। নির্বাচন কমিশন সুত্রে জানা গেছে, ২০১১ সালের ১৩ মার্চ ঝিনাইদহ পৌরসভার নির্বাচন হয়। মেয়াদ শেষ হয় ২০১৬ সালের ২ এপ্রিল।

কিন্তু চার বছরের বেশি সময় মামলা জটিলতায় ঝিনাইদহ পৌরসভায় নির্বাচন হয়নি। পৌরসভা আইন অনুযায়ী পৌরসভার মেয়াদ শেষ হওয়ার আগের ৯০ দিনের মধ্যে ভোট গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এদিকে জরুরি ভিত্তিতে পুরনো সীমানায় ঝিনাইদহ পৌরসভায় নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদাকে চিঠি দেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী। তিনি সিইসির সঙ্গে সাক্ষাৎ করে এই চিঠি দিয়েছিলেন। চিঠিতে বলা হয়েছে, ঝিনাইদহ পৌরসভায় গত ২০১১ সালের মার্চে নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে সাইদুল করিম মিন্টু মেয়র হিসেবে নির্বাচিত হন। পরে পাগলাকানাই ও সুরাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং পৌরসভা মেয়রের সম্মতিতে সুরাট ইউনিয়নের লাউদিয়া, পাগলাকানাই ইউনিয়নের গয়েশপুর, কোড়াপাড়া মৌজাকে পৌরসভায় অন্তর্ভুক্ত করার জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে চিঠি দেন। স্থানীয় সরকার মন্ত্রণালয় ২০১৫ সালের ৫ এপ্রিল এলাকা সম্প্রসারণের খসড়া গেজেট প্রকাশ করে।

কিন্তু কোনো আপত্তি না পড়ায় ২২ জুলাই চূড়ান্ত গেজেট প্রকাশ করা হয়। পরে সদর উপজেলার পাগলাকানাই ইউপি চেয়ারম্যান এ কে এম নজরুল ইসলাম, সুরাটের চেয়ারম্যান কবির হোসেন জোয়ারদার ও জাহাঙ্গীর আলম দুটি রিট পিটিশন দায়ের করেন। রিট পিটিশন নং ২৯২২/১৬ ও

২৯২৩/১৬। হাই কোর্ট দুটি পিটিশনেরই তিন সপ্তাহের রুল জারি করেন। রুল জারির ফলে স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে ২০১৬ সালের ১৯ ফেব্রয়ারি (স্মারক-২২৬) তৎকালীন জেলা প্রশাসকের কাছে জবাব চেয়ে পত্র দেন। জেলা প্রশাসক ২০১৬ সালের ৭ এপ্রিল (স্মারক-১৬৪) জবাব দেন। এরপর আর হাই কোর্টের রুলের জবাব দেওয়া হয়নি। দীর্ঘদিন রিট দুটি মোকাবিলা না করায় কার্যতালিকা থেকে বাদ (আউট অব লিস্ট) দেওয়া হয়। অবশেষে দীর্ঘদিন পর মঙ্গলবার দুপুরে উচ্চ আদালতের দেওয়া রায়ে ঝিনাইদহ পৌরসভার নির্বাচনী বাধা দুর হলো।

ঝিনাইদহে ১৮ কেজি গাঁজাসহ ৩ জনকে আটক করেছে পুলিশ

ঝিনাইদহ শহরের উজির আলী স্কুল এন্ড কলেজের সামনে থেকে ১৮ কেজি গাঁজাসহ ৩ জনকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার দুপুরে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো-ঝিনাইদহ সদর উপজেলার চাপড়ী গ্রামের তরিকুল শেখের স্ত্রী তানিয়া খাতুন সাথী (২৫), শৈলকুপা উপজেলার গোয়ালবাড়ী গ্রামের আব্দুল মান্নান মন্ডলের ছেলে মিজানুর রহমান (৪৫) ও তার স্ত্রী মর্জিনা খাতুন (৩৫)। ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে সদর থানার এস আই মনিরুল ইসলাম মনির জানতে পারে খাগড়াছড়ি থেকে ঝিনাইদহে সুন্দরবন কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিপুল পরিমান গাঁজা আনা হচ্ছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালানো হয়। এসময় ট্রাভেল ব্যাগে আনারস সাজিয়ে বিশেষ কায়দায় গাঁজা লুকিয়ে আসা চালান নিয়ে যাওয়ার সময় ২ নারীসহ ৩ জনকে আটক করা হয়।

জীবননগরে ট্রাক্টর চাপায় একজনের মৃত্যুতে জনরোষে আহত ইউএনও

চুয়াডাঙ্গার জীবননগরে ট্রাক্টর চাপায় একজনের মৃত্যুকে কেন্দ্র জনরোষে আহত হয়েছেন উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন। তিনি উত্তেজিত জনতার ছোড়া ইটে মাথায় আঘাত পেয়েছেন বলে জানান স্থানীয়রা। মঙ্গলবার দুপুরে দূর্ঘটনাস্থল পরিদর্শনে গেলে এ ঘটনা ঘটে। পরে পুলিশের সহায়তায় তাকে উদ্ধার করে বাসভবনে নেয়া হয়। বর্তমানে তিনি নিজ বাসভবনে চিকিৎসাধীন আছেন।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম জানান, মঙ্গলবার বেলা ১১টার দিকে জীবননগর উপজেলার কাটাপোল গ্রামে মাটি বহনকারী ট্রাক্টরের ধাক্কায় অহিদুল ইসলাম (৪০) নামে এক সাইকেলচালক নিহত হন। এ ঘটনায় সাথে থাকা তার ছেলে ইয়াছিন (৭) আহত হয়। এতে উত্তেজিত হয়ে ওঠে এলাকাবাসী।

স্থানীয়রা জানায়, দূর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসেন উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন। এসময় উত্তেজিত জনতার ইটের আঘাতে আহত হন তিনি।
এ বিষয়ে জানতে উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকনের মোবাইলফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন কেটে দেন।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের কাছে ইউএনও’র আহত হওয়ার বিষয় জানতে চাইলে তিনি বিষয়টি দেখেননি বলে জানান। তবে ঘটনার বিষয়ে আইনগত পদক্ষেপ প্রক্রিয়াধীন আছে বলেও জানান তিনি।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, ইউএনও আঘাতের বিষয়টি তিনি নিজেই ভালো বলতে পারবেন।